**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 06-04-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) এডিসি নির্বাচনে আগামীকাল পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ শুরু হচ্ছে।**

**(২) ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপ-নির্বাচনের সরব প্রচার শেষ হচ্ছে আগামীকাল।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, গত দশ বছরে আসামে শান্তি ও সমৃদ্ধি ফিরে এসেছে।**

**(৪) খাদ্য সচিব দেবপ্রিয় বর্ধন জানিয়েছেন, রাজ্যে এল.পি.জি, পেট্রোল ও ডিজেলের মজুত সরবরাহ স্বাভাবিক রয়েছে।**

*********************************************

**ADC Election :**

আসন্ন এডিসি নির্বাচনের পোষ্টাল ব্যালটে ভোট গ্রহণ আগামীকাল থেকে শুরু হবে। এডিসি’র ২৮টি আসনের ভোটকর্মী, নিরাপত্তা কর্মী এবং ভোটের কাজে নিযুক্ত অন্যান্য কর্মীরা রিটার্নিং অফিসারদের তত্ত্বাবধানে নির্ধারিত ফেসিলিটেশন সেন্টারে ভোট দেবেন। সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত পোষ্টাল ব্যালটের মাধ্যমে ভোট নেওয়া হবে। ভোটগ্রহন শেষ হবে আগামী ৮ই এপ্রিল।

************************************

**CEO Tripura :**

নির্বাচন দপ্তর ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচন অবাধ ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সব ধরনের ব্যবস্থা গ্রহণ করেছে। রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক ব্রিজেশ পান্ডে আজ আগরতলায়

সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, আগামী ৯ই এপ্রিল কঠোর নিরাপত্তার মধ্যে দিয়ে ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনের ভোট গ্রহণ করা হবে। ইতিমধ্যে আন্তর্জাতিক সীমানা সীল করে দেওয়া হয়েছে। আন্তঃরাজ্য সীমানায় কঠোর নজরদারী করা হচ্ছে। ধর্মনগরে ৬টি নাকা পয়েন্ট করা হয়েছে। এখন পর্যন্ত ৩২ লক্ষ টাকার সামগ্রী বাজেয়াপ্ত করা হয়েছে। সব বুথে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী মোতায়েন করা হবে বলে তিনি জানান। শ্রী পান্ডে জানান, উপনির্বাচনে মোট ৫৫টি ভোট গ্রহণ কেন্দ্রে সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত ভোট গ্রহণ চলবে। সবকয়টি ভোট গ্রহণ কেন্দ্রে ওয়েব কাস্টিং থাকবে এবং সব ই.ভি.এম-এর সঙ্গে ভিভিপ্যাটও থাকবে। আগামীকাল বিকেল ৫টায় ধর্মনগর বিধানসভা কেন্দ্রে উপ-নির্বাচনের সরব প্রচার শেষ হবে। মোট ৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতায় রয়েছেন। ভোটার রয়েছেন ৪৬ হাজার ১৪২ জন। সাংবাদিক সম্মেলনে অতিরিক্ত সি.ই.ও উষাজেন মগ, উপ-মুখ্যনির্বাচন আধিকারিক উৎপল চাকমা ও সুমন বনিক প্রমুখ উপস্থিত ছিলেন।

************************

**Food-Press Meet :**

খাদ্য সচিব দেবপ্রিয় বর্ধন আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, রাজ্যে এল.পি.জি, পেট্রোল ও ডিজেলের মজুত সরবরাহ স্বাভাবিক রয়েছে। বাংলাদেশ দিয়েও রাজ্যে এল.পি.জি আনা হচ্ছে। তিনি জ্বালানি সহ নিত্য প্রয়োজনীয় সামগ্রী নিয়ে অযথা আতঙ্কিত না হতে জনগণের কাছে আহ্বান রাখেন। রাজ্যে সি.এন.জি ও পি এন জি গ্যাস সরবরাহ স্বাভাবিক রয়েছে। রাজ্যে বর্তমানে ৭০ হাজার পিএনজি ডোমেস্টিক কানেকশন রয়েছে। তিনি আরো বলেন রাজ্য ও জেলাস্তরে মনিটরিং সেল প্রতিনিয়ত জ্বালানি সরবরাহ স্বাভাবিক রাখতে পর্যবেক্ষণ করে যাচ্ছে। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন খাদ্য অধিকর্তা সুমিত লোধ।

****************************

**ADC Campaign :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ দশদা বাজারে দশদা-কাঞ্চনপুর কেন্দ্রের বিজেপি প্রার্থী শৈলেন্দ্র নাথ এবং মাছমারাতে বিজেপি প্রার্থী মঞ্জু রানী সরকারের সমর্থনে জনসভায় বক্তব্য রাখেন। তাছাড়া তিনি ডেমছড়া-কচুছড়া আসনে বিজেপি প্রার্থী বিপিন দেব্বর্মার সমর্থনে ফটিকরায়ের জুড়িছড়ার সূর্য বাহাদুর সালকা হাতি'তে এক জনসভায় ভাষণ দেন।

প্রবীন বিজেপি নেতা-বিদ্যুৎমন্ত্রী রতনলাল নাথ আজ বোধজংনগর ওয়াকিনগর কেন্দ্রে বিজেপি প্রার্থী রনবীর দেববর্মার সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখেন।

*****************************

**ADC-Campaign :**

সি.পি.আই.এম রাজ্য সম্পাদক জিতেন্দ্র চৌধুরী আজ আমবাসায় কুলাই চাম্পাহাওর কেন্দ্রে সি.পি.আই.এম প্রার্থী অতুল দেববর্মা সমর্থনে এক জনসভায় বক্তব্য রাখেন।

সিপাহীজলা জেলার তৈবান্দাল স্কুল মাঠে কাঠালিয়া-মির্জা-রাজাপুর কেন্দ্রে তিপরা মথা প্রার্থী ডেভিড মুড়াসিং-এর সমর্থনে জনসভায় বক্তব্য রাখেন তিপ্রা মথা দলের প্রতিষ্ঠাতা প্রদ্যুৎ কিশোর দেববর্মা।

*************************

**Left Front-Dharmanagar :**

ধর্মনগর বিধানসভা কেন্দ্রের উপনির্বাচনে বামফ্রন্ট প্রার্থী অমিতাভ দত্তের সমর্থনে আজ ধর্মনগর শহরে মিছিল এবং সভার আয়োজন করা হয়। ধর্মনগরের দিঘির উত্তর পাড়ে জনসভায় সিপিআইএম-এর বরিষ্ঠ নেতা প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার বিজেপি সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করে বক্তব্য রাখেন।

***************************

**BJP Foundation Day :**

ভারতীয় জনতা পার্টির প্রতিষ্ঠা দিবস আজ আগরতলায় প্রদেশ বিজেপি'র সদর কার্যালয়ে পালিত হয়। এই উপলক্ষ্যে দলীয় পতাকা উত্তোলন করেন প্রদেশ সভাপতি-সাংসদ রাজীব ভট্টাচার্য। এদিকে, বিজেপি'র প্রবীণ নেতা-মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহার উপস্থিতিতে ধর্মনগরের "অটল ভবনে" বিজেপি'র ৪৭তম প্রতিষ্ঠা দিবস পালন করা হয়। মুখ্যমন্ত্রী প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী যে নতুন ভারত গঠনের লক্ষ্য স্থির করেছেন, সেই লক্ষ্যকে সামনে রেখে নতুন ত্রিপুরা নির্মাণে সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

*************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

*************************

**PM-Assam :**

বিজেপির বর্ষীয়ান নেতা তথা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ আসামের হোজাই ও বরপেটায় দুটি নির্বাচনী জনসভায় বক্তব্য রাখেন। তিনি আসামের প্রতিটি অঞ্চলের উন্নয়নকে তাঁর সরকারের শীর্ষ অগ্রাধিকার

হিসেবে পুনরুল্লেখ করেছেন। প্রধানমন্ত্রী বলেন, গত দশ বছরে আসামে শান্তি ও সমৃদ্ধি ফিরে এসেছে। আসাম এখন বিদ্যুৎ উৎপাদনে একটি মডেলে পরিণত হয়েছে, যা শিল্পায়ন ও কর্মসংস্থান ত্বরান্বিত করবে। মরিগাঁওয়ে প্রস্তাবিত সেমিকন্ডাক্টর কারখানার উদাহরণ টেনে তিনি বলেন, এটি ইলেকট্রনিক্স ও বৈদ্যুতিক যানবাহনের ক্ষেত্রে নতুন দিগন্ত খুলে দেবে। বিজেপি 'বিকশিত ভারত'-এর লক্ষ্যে একটি 'বিকশিত আসাম' গড়ার রোডম্যাপ নিয়ে কাজ করছে বলে তিনি উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী পশ্চিম এশিয়ায় উদ্ভুত পরিস্থিতিতে সংকট মোকাবিলায় কেন্দ্রীয় সরকারের গৃহীত পদক্ষেপ বিস্তৃত উল্লেখ করেন।

######Byte-PM####

*************************

**Petrochemical Duty Exemption :**

পশ্চিম এশিয়ায় চলমান সংকটের পরিস্থিতিতে কেন্দ্রীয় সরকার গুরুত্বপূর্ণ পেট্রোরাসায়নিক পণ্যের ওপর সম্পূর্ণ বহিঃশুল্ক ছাড়ের ঘোষণা করেছে। এই ছাড় চলতি বছরের ৩০শে জুন পর্যন্ত কার্যকর থাকবে। সরকার জানিয়েছে, দেশের অভ্যন্তরীণ শিল্পের জন্য অপরিহার্য পেট্রোরাসায়নিক কাঁচামালের নিরবচ্ছিন্ন প্রাপ্যতা নিশ্চিত করা এবং সরবরাহ ব্যবস্থার স্থিতিশীলতা বজায় রাখার লক্ষ্যে এই সাময়িক ও লক্ষ্যভিত্তিক পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। এই সিদ্ধান্তের ফলে প্লাস্টিক, বস্ত্র এবং ঔষধশিল্পসহ পেট্রোরাসায়নিক ও মধ্যবর্তী পণ্যের ওপর নির্ভরশীল বিভিন্ন শিল্পক্ষেত্র উপকৃত হবে বলে আশা করা হচ্ছে। পাশাপাশি, এইসব শিল্পের উৎপাদিত পণ্যের ভোক্তারাও এর সুফল পাবেন বলে মনে করছে সরকার।

***************************

**Voice Over-Jan Vishwas :**

চলতি এপ্রিল মাসের দু' তারিখে জন বিশ্বাস (বিধানগত সংশোধন) বিল, ২০২৬ লোকসভায় অনুমোদিত হয়েছে। এর মাধ্যমে ২৩টি কেন্দ্রীয় মন্ত্রকের

অধীনে ৭৯টি আইনে সংশোধনের প্রস্তাব রাখা হয়েছে। ৭৮৪টি বিধানগত বিষয়কে সেই আওতায় আনাও এই সংশোধনীর অন্যতম দিক। এনিয়ে একটি প্রতিবেদন।

########VC#######

****************************

**EVM-Commissioning :**

আসন্ন এডিসি নির্বাচনকে সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সিপাহীজলা জেলাতে প্রশাসনিক প্রস্তুতি অব্যাহত। আজ জেলার অন্তর্গত তিনটি এডিসি আসনের ১১৩টি পোলিং স্টেশনের ইভিএম গুলির কমিশনিং সম্পন্ন হয়েছে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের উপস্থিতিতে। এই প্রক্রিয়া সরেজমিনে পরিদর্শন করেন সিপাহীজলা জেলার জেলাশাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক ডক্টর সিদ্ধার্থ শিব জয়সওয়াল। তিনি বলেন, এডিসি নির্বাচনকে অবাধ ও শান্তিপূর্ণ করার ক্ষেত্রে সিপাহীজলা জেলাতে যাবতীয় প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

**********************************************

**IGNOU-Convocation :`**

আগামীকাল সকাল ১১টায় আগরতলার রবীন্দ্র ভবনে ইন্দিরা গান্ধী মুক্ত বিশ্ববিদ্যালয়ে ৩৯তম সমাবর্তন সভা অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান বক্তব্য রাখবেন। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু উপস্থিত থাকবেন।

*********************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর ও ঊনকোটি জেলায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া খোয়াই, গোমতী, ধলাই ও পশ্চিম জেলায় ৩০ থেকে ৪০

কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২২.২ ডিগ্রি সেলসিয়াস।

*******************************